উপজেলা সমবায় কার্যালয়, পলাশবাড়ী, গাইবান্ধা সমবায় সমিতির গঠনের পাশাপাশি সমবায় সমিতি পরিদর্শন, সমিতি নিরীক্ষাকরণ, অডিট ফি ও সিডিএফ আদায় এবং সমবায় সমিতির সদস্যদের সমিতি ব্যবস্থাপনা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করে থাকে। পলাশবাড়ী উপজেলায় ২০২১-২২ অর্থ বছরে শতভাগ সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন করা হয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক সমবায় সমিতি পরিদর্শন করা হয়েছে। সমবায় সমিতির নিরীক্ষা ফি(সরকারী রাজস্ব) ও সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় করা হয়েছে। জেলার ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক অত্র উপজেলায় লক্ষমাত্র অনুযায়ী সমবায়ীদের শতভাগ ভ্রাম্যমাণ প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষনে প্রেরণ করা হয়। এছাড়া সমবায় সমিতির সদস্যদের বিভিন্ন ট্রেডে( কম্পিউটার বেসিক,সেলাই প্রশিক্ষণ,মৎস্য চাষ,হাসমুরগী পালন,গরুমোটাতাজাকরণ,ফ্যাশন ডিজাইন ও ব্লক বাটিক) প্রশিক্ষণ এর জন্য আঞ্চলিক সমবায় ইনিষ্টিটিউট গুলোতে প্রেরন করা হযেছে । সরকারী নির্দেশনা মোতাবেক আশ্রয়ন প্রকল্পের উপকারভোগিদের নিয়ে আশ্রয়ন সমবায় সিমিতি গঠন করা হয়েছে। দাপ্তরিক কাজের গতিশীলতা আনয়নের জন্য ডি-নথির কার্যক্রম চালু করা হয়েছে এবং সেই সাথে ই-মেইলে তথ্য আদান প্রদান করা হচ্ছে। জেলার ওয়েবপোর্টাল হালনাগাদ করা হয়েছে। ফলে যে কোন নাগরিক সরাসরি অনলাইনে আমাদের সেবা গ্রহণ করতে পারছে বা কোন তথ্য জানতে পারছে।